

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর
সিবিএইচসি কার্যালয়
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

আদেশ

যেহেতু, আপনি জনাব রিপন চন্দ্র দে, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নের সাবেক ০৩ নং ওয়ার্ডের সদরপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে সিবিএইচসি কার্যালয়ের স্মারক নং- ৩২৮, তারিখঃ- ২০/০৪/২০১৭ ইং মোতাবেক কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং বেতন ভাতা বন্ধ রাখা হয়।

যেহেতু, সিএইচসিপি, জনাব রিপন চন্দ্র দে, কারণ দর্শানোর নোটিশের জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিবিএইচসি কার্যালয়ে প্রেরণ করেছেন। কারণ দর্শানোর নোটিশের জবাবে উল্লেখ করেন যে, “সিএইচসিপি পদে কর্মরত থেকে সততা ও নিষ্ঠার সহিত নিজ দায়িত্ব পালন করে আসছেন। দীর্ঘ প্রায় ০২ বছর যাবৎ চাকুরীকালীন সময়ে তিনি কখনো অপিত দায়িত্ব পালনে অবহেলা ও গাফিলতি করেন নাই। কিন্তু গত ২৭/০২/২০১৭ ইং তারিখ দুপুর ০১.৫২ মিনিটে জেলা প্রশাসক সুনামগঞ্জ মহোদয় সদরপুর কমিউনিটি ক্লিনিক পরিদর্শনকালে তাকে কর্মস্থলে অনুপস্থিত পেয়ে সিভিল সার্জন, সুনামগঞ্জ মহোদয়কে বিষয়টি অবহিত করেন। ঐ দিন দুপুর ০১.৩০ মিনিটে তিনি ক্লিনিকের সেবাদান কক্ষের দরজা বন্ধ করে, স্বাস্থ্য সেবা প্রার্থীদের বসার কক্ষটি খোলা রেখে দুপুরের খাবার ও ঔষধ গ্রহণের নিমিত্তে কিছুক্ষনের জন্য স্থানীয় শান্তিগঞ্জ বাজারে যান। যার প্রেক্ষিতে ঐদিন দুপুর ০১.৫২ টায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় সদরপুর কমিউনিটি ক্লিনিক পরিদর্শনকালে তাকে কর্মস্থলে অনুপস্থিত দেখতে পান। উল্লেখ যে, তিনি দীর্ঘ এক বছর যাবৎ উচ্চ রক্তচাপ ও গ্যাস্ট্রিক সমস্যায় ভুগছেন বিধায় সঠিক সময়ে নিয়মমাফিক খাবার ও ঔষধ গ্রহণ করতে হয়। ঐদিন হঠাৎ বুকের ব্যথা অনুভব হওয়ায় এবং তার সঙ্গে প্রয়োজনীয় ঔষধ না থাকায় অনিচ্ছা সত্ত্বেও পার্শ্ববর্তী শান্তিগঞ্জ বাজারে ঔষধের জন্য যেতে হয়েছে। গত ২৭/০২/২০১৭ ইং তারিখ সারাদেশব্যাপী পরিবহন ধর্মঘট থাকায় সময় মতো ক্লিনিকে পৌছাতে তাকে অনেক কষ্ট করতে হয়েছে। বিষয়টি তার অনিচ্ছাকৃত ত্রুটি ও প্রথমবারের ভুল হিসাবে বিবেচনাপূর্বক ক্ষমা প্রদানের জন্য মহোদয়ের নিকট আবেদন জানান এবং ভবিষ্যতে এরূপ অনুপস্থিতির কারণ ঘটবেনা মর্মে অঙ্গীকার করেন।” এফসনে, সেহেতু সিএইচসিপি, জনাব রিপন চন্দ্র দে এর দাখিলকৃত জবাব ও কাগজপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হলোঃ

১. সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার জয়কলস ইউনিয়নের সাবেক ০৩ নং ওয়ার্ডের সদরপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপি, জনাব রিপন চন্দ্র দে কে তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে মানবিক দিক বিবেচনা করে অব্যাহতি প্রদান করা হলো।
২. সিএইচসিপি, জনাব রিপন চন্দ্র দে কে নিয়মিত দায়িত্ব প্রাপ্ত কমিউনিটি ক্লিনিকে নিয়মিত সেবা প্রদান এবং ভবিষ্যতে সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধি পরিপন্থি কার্যক্রম না করার জন্য প্রথমবারের মতো সতর্ক করা হলো।



(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/সিলেট বিঃ/শৃংখলা-৫৯/২০১৬/ ৪৪৭/১০২

তারিখঃ ০০/০৫/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, সুনামগঞ্জ।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ (আদেশটি সার্ভিস বুকে লিপি বন্ধ করার অনুরোধ সহ)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।
৮. জনাব রিপন চন্দ্র দে (সিএইচসিপি) সদরপুর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন-জয়কলস, উপজেলা-দক্ষিণ সুনামগঞ্জ, জেলা-সুনামগঞ্জ।
৯. অফিস কপি।



(ডাঃ পৃথ্বীশ কুমার দত্ত)
ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)
সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।